# Model Activity Task 2021 September

# Model Activity Task Part – 6 | Class- 7 | Bengali

# মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর

# সপ্তম শ্রেণী | বাংলা | পার্ট -৬

**১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**১.১ 'বাইরের চলাটা আসল নয়।' - প্রকৃত চলা কোন্‌টি?**

উঃ শিবতোষ মুখোপাধ্যায় 'কার দৌড় কতদূর' রচনায় বিভিন্ন প্রাণীর চলাচলের প্রতি নজর দিয়েছে। তবে বাইরের এই সব চলার মাঝে যা সত্য কারের চলা তা হল মানুষের মনের দ্রুত ছুটে চলা তার সীমাহিন চারণ ক্ষেত্রে। মানুষের মনের গতিবেগ আলোর গতিবেগ সম্পন্ন। একমুহূর্তেই মানুষ বিশ্বময় ঘুরে আসতে পারে। সেই মনের অবাধ চলনকেই লেখক আসল চলা বলেছেন।

**১.২ 'জবাবটা জেনে নেব মেজদাকে খুঁচিয়ে।' - কোন্ প্রশ্নের জবাব মেজদার কাছে মিলবে?**

উঃ 'নোট বই' কবিতায় বক্তা তার মেজদার কাছ থেকে ঝোলাগুড় সাবানে না পটকায় দেয় এই প্রশ্নের উত্তর জানবেন।

**১.৩ 'আপনি আমার সঙ্গে ঠাট্টা করছেন।' - কোন্ কথার অবতারণালে বক্তার 'ঠাট্টা' মনে হয়েছে?**

উঃ বৃষ্টি বিজ্ঞানী পুরন্দর চৌধুরী অসীমাকে জানিয়েছিলেন যে তিনি লেক শ্রেভারের জল শুকিয়ে ফেলে মেঘ তৈরি করবেন, সেই মেঘ থেকে যদি বৃষ্টি হয় তবে তার ফলে হয়তো সাইবেরিয়াই এক ইঞ্চি বেশি বরফ জমবে। তার এই অবাস্তব কথা শুনে অসীমার মনে হয়েছিল তিনি বুঝি ঠাট্টা করছেন।

**১.৪ জেমস এইচ, কাজিন্‌স কে ছিলেন?**

উঃ ১৯১১ খ্রিস্টাব্দের পরবর্তী সময় অর্থাৎ ১৯১৯ রবীন্দ্রনাথ ঠাকুর দক্ষিণ ভারত পরিক্রমা বেরিয়েছিলেন। সেখানে "থিয়সফিক্যাল কলেজ" এর অধ্যক্ষ এবং রবীন্দ্রনাথের বন্ধু ছিলেন জেমস এইচ, কাজিনস।

**১.৫ 'এ ছবি আমি পরেও দেখেছি।' - কোন্ দৃশ্যবর্ণনা প্রসঙ্গে একথা এসেছে?**

উঃলেখক রামকুমার চট্টপাধ্যায় এক স্বদেশী সভায় প্রথমবার দেখেছিলেন মুখ ভর্তি পান নিয়ে গলায় বাঁধা হারমোনিয়াম বাজাতে বাজাতে কাজী নজরুল গান গাইছেন । এখানে এই দৃশ্যপটের কথা বলা হয়েছে, কবি নজ্‌রুলের এই একই ভঙ্গিতে গান গাওয়ার চিত্র লেখক পরেও দেখেছেন।

সমাধান
www.somadhan.info

**১.৬ 'তাদের রাজত্ব হের অক্ষুণ্ন কেমন' - কাদের রাজস্ব কেন অক্ষুণ্ন রয়েছে বলে কবি মনে করেন?**

উঃ বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি কামিনী রায় প্রণীত স্মৃতিচিহ্ন নামাঙ্কিত কবিতায় কবি ব্যক্ত করেছেন যে, যারা মহান কার্য দ্বারা মানব সমাজের কল্যান করেছেন, সমাজ ও সংস্কৃতিকে তাদের অমর সৃষ্টি দ্বারা সমৃদ্ধ করেছেন তারা যুগের সীমানা পেরিয়েও মানুষের মনে অমর হয়ে রয়েছেন। তাই কালস্রোতেও তাদের সাম্রাজ্য অক্ষুন্ন রয়েছে।

**১.৭ 'নীরব এখানে অমর কিষাণপাড়া।' - কিষাণপাড়াকে 'অমর' বলা হয়েছে কেন?**

উঃ উদ্‌ধৃত কবিতাংশটি গৃহীত হয়েছে কবি সুকান্ত ভট্টাচার্য রচিত “চিরদিনের’ কবিতা থেকে। কৃষকেরা নিরন্তর কাজ করে চলে।দুর্ভিক্ষের পরেও কিষাণপাড়ায় মানুষ আবার কাজের মধ্য দিয়ে জেগে ওঠে। নিরবে তারা নিজ নিজ পেশায় কাজ করে চলে। দুর্ভিক্ষের হতাশা বা বিপন্নতা এখানে জীবনকে থামিয়ে দিতে পারে না। তাই কিষাণপাড়াকে কবি অমর বলেছেন।

সমাধান

**২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :**

www.somadhan.info

**২.১ 'জীবনের ৪৪০তে মানুষ বিশ্বকীর্তি স্থাপনা করেছে।' - মানুষের সেই কীর্তির কথা 'কার দৌড় কদ্দুর' রচনায় কীভাবে বর্ণিত হয়েছে?**

উঃ শিবতোষ মুখোপাধ্যায় রচিত ‘কার দৌড় কদূর' রচনায় লেখক বলেছেন- মানুষ এখন নিজে চলেই ক্ষান্ত নয়। জল, স্থল ও আকাশকেও সে তার বিচরণ ক্ষেত্রে পরিণত করতে চায়। তাই জাহাজ, রেল প্লেন জেট চালিয়ে সে সর্বক্ষেত্রকেই তার আয়ত্ত্বে নিয়ে এসেছে। কোন দুর্গম স্থান আর তার গতিকে রুদ্ধ করতে পারে না।তাই জীবনের ৪৪০ তে মানুষ বিশ্বকীর্তি স্থাপন করেছে।

**২.২ 'তুমি একটা স্পাই।' - কোন্ পরিস্তিতিতে বক্তার একথা মনে হয়েছে?**

উঃ সুনীল গঙ্গোপাধ্যায় রচিত মেঘ-চোর গল্পে -আলোচ্য উক্তিটিতে স্পাই’ শব্দের অর্থ হল চর' অর্থাৎ যে গুপ্ত সংবাদ আদানপ্রদান করে।

বৃষ্টিবিজ্ঞানী পুরন্দর চৌধুরি অসীমাকে একথা বলেছেন । পুরন্দর চৌধুরিকে অসীমা তার পরিচয় হিসেবে বলেছিল যে সে তার হারিয়ে যাওয়া ভাইয়ের কন্যা অর্থাৎ তার ভাইজি। কিন্তু পুরন্দরের লেক শ্রেভারের সব জল বাষ্প করে তা দিয়ে মেঘ তৈরি করে সাইবেরিয়াতে পাঠানোর মতো বিপদজনক পরিকল্পনা শুনে অসীমা তার নিজের পরিচয় দেয়।সে জানায় যে সে কারপভের মেয়ে এবং সে প্রকৃতিকে আসন্ন ধ্বংসের হাত থেকে বাঁচাতে ছোট্ট রিভলবার বার করে পুরন্দর কে থামায়। এই সব কাণ্ড দেখে ও অসীমার আসল পরিচয় পেয়ে বক্তা পুরন্দর অসীমাকে স্পাই বলেছিলেন।

সমাধান

**২.৩ সরলা দেবী তাঁর 'জীবনের ঝরাপাতা' গ্রন্থে রবীন্দ্রসঙ্গীত সম্পর্কে কোন্ তথ্য পরিবেশন করেছেন?**

www.somadhan.info

উত্তরঃ আমার সোনার বাংলা' গানটি প্রথম গাওয়া হয় ১৯০৫, আগস্ট মাসের ২৫ তারিখে। এই গানটির সুরের বিষয়ে সরলাদেবী তাঁর জীবনের ঝরা পাতা' গ্রন্থে বেশ কিছু তথ্য দিয়েছেন। তিনি

জানিয়েছেন, কর্তা দাদামহাশয় চুঁচুড়ায় থাকার সময় বোটের মাঝিদের কাছ থেকে অনেকগুলি বাউল আঙ্গিকের গান সংগ্রহ করেছিলেন সরলাদেবী। রবীন্দ্রনাথ এই গানগুলি মন দিয়ে শুনতেন এবং সেই সুর অনুসারে নিজের গান রচনা করতেন। আমার সোনার বাংলা' হল তেমন একটি গান যা বোটের মাঝির কাছ থেকে আহরিত এবং সরলা দেবীর সুরে বসানো।

**২.৪ 'এই ছিল তখনকার কোনো স্বদেশিং মিটিং-এর রীতি।' - রীতিটি কী?**

উত্তরঃ রামকুমার চট্টোপাধ্যায় কাজী নজরুলের গান' শীর্ষক গদ্যাংশে যে সময়ের কথা বলেছেন, সেই সময়ে যে কোন স্বদেশি মিটিং -এর রীতিই ছিল নেতাজি সুভাষচন্দ্র বসুর বক্তৃতার আগে কাজী নজরুল ইসলামের সংগীত পরিবেশন করতেন। কবি মুখ ভর্তি পান নিয়ে গলায় বাঁধা হারমোনিয়াম বাজাতে বাজাতে গান করতেন এবং শ্রোতারা তন্ময় হয়ে তা শুনতো, তারপরেই সৌমকান্তি, দিব্যপুরুষ নেতাজি তার দৃঢ় কণ্ঠের ভাষনের মাধ্যমে দেশবাসীকে সংগ্রামের জন্য উজ্জীবিত করতেন।

**২.৫ 'সবুজ ফসলে সুবর্ণ যুগ আসে।' - উদ্‌ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো।**

উঃ উদ্‌ধৃত কবিতাংশটি গৃহীত হয়েছে কবি সুকান্ত ভট্টাচার্য রচিত চিরদিনের কবিতা থেকে।

১৩৫০ সালে দুর্ভিক্ষের দিনে মানুষের কি অসহায় অবস্থা হয়েছিল সেই গল্পের কথা বলা হয়েছে। ভয়াবহ দুর্ভিক্ষের পর আবার নতুন করে বেঁচে থাকার প্রচেষ্টা শুরু হয়। চারিদিকে দেখা যায় প্রাণের স্পন্দন। পরিশ্রমি গ্রামের কৃষক, তাঁতি, জেলে দুর্ভিক্ষের কষাঘাতকে অগ্রাহ্য করে দৈন্দিন কাজে মেতে ওঠে। তারা তারা পাখির ডাকে ঘুম থেকে উঠে সারাটা দুপুর ধরে কাজ করে। অবশেষে পরিশ্রমের ফল দেখা দেয়।কৃষক-বধূ জল আনতে গিয়ে থমকে দাঁড়ায় পথে৷ তার চোখে পড়ে মাঠ ভরে গেছে সবুজ কচি ধানে, ভবিষ্যতের সুদিনের স্বপ্ন দেখে সে।

## ৩. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

**৩.১ 'ঋ, র, ষ এই তিন বর্ণের পরের শব্দের মধ্যে ন>ণ হয়।' - প্রতিক্ষেত্রে একটি করে উদাহরণ দাও।**

উত্তরঃ ঋণ , বর্ণ , স্মরণ, বরণ, তৃণ, শীর্ণ , ঘৃণা ইত্যাদি।

**৩.২ 'পিতৃ ও মাতৃ শব্দের যোগ হলে স্বসৃ শব্দের প্রথম স্ হয় ষ।' - উদাহরণ দাও।**

উত্তরঃ মাতুঃষাসা বা মাতৃস্বাসা [ মাতুঃ + স্বসৃ, মাতৃ + স্ব)- এর বাংলা অর্থ হল-

মায়ের ভগিনি , মাসি।

পিতৃস্বাসা( পিতৃ + স্ব)- এর বাংলা অর্থ হল - বাবার ভাই- কাকু, জেঠু।

**৩.৩ ভাবপ্রকাশক ধ্বন্যাত্মক শব্দের প্রয়োগে একটি বাক্য রচনা করো।**

উঃ বাগানে <u>**টকটকে**</u> লাল জবা ফুল ফুটেছে। এখানে **টকটকে** হল ভাবপ্রকাশ ধন্যাত্মক শব্দ।

সমাধান
www.somadhan.info